

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 16.10.2024

Time: 7.50 P.M

বিশেষ বিশেষ খবর –

১) আর জি কর-এর ঘটনায় রাজ্যজুড়ে তুমুল বিক্ষোভ আন্দোলনের মধ্যেই নারী নির্যাতনের একাধিক ঘটনা সামনে এসেছে।

কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপের দাবি জানিয়ে চিঠি লিখেছেন রাজ্য বিজেপি সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

২) আর জি কর-এ আর্থিক দুর্নীতিতে সন্দীপ ঘোষ ছাড়াও আরও কয়েকজন যুক্ত রয়েছেন বলে জানিয়ে সিবিআই রাজ্য সরকারকে চিঠি দিয়েছে।

৩) রাজ্যের ৬ বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে প্রস্তুতি শুরু করেছে রাজ্য নির্বাচনী দফতর। কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে ১-শো শতাংশ বুথেই।

৪) দীপাবলীর আগে কর্মচারীদের জন্য ৩ শতাংশ মহার্ঘ্য ভাতা ঘোষণা কেন্দ্রীয় সরকারের।

৫) আজ কোজাগরী লক্ষ্মীপূজো। বাংলার ঘরে ঘরে চলছে দেবীর আরাধনা।

তারাপীঠেও মানুষের ঢল।

০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর-এর ঘটনায় রাজ্যজুড়ে তুমুল বিক্ষোভ আন্দোলনের মধ্যেই নারী নির্যাতনের একাধিক ঘটনা সামনে এসেছে।

নদীয়ার কৃষ্ণনগরের শঙ্কর মিশন এলাকায় একটি পুজো মন্ডপের কাছে এক কিশোরীর অর্দ্ধদণ্ড দেহ উদ্ধারের ঘটনায় এলাকায় উত্তেজনা ছড়িয়েছে। এদিন সকালে এলাকার মানুষজন দেহটি দেখতে পেয়ে পুলিশে খবর দেয়। অন্য কোথাও খুন করে দেহ ফেলে রেখে যাওয়া হয়েছে বলে পুলিশের অনুমান। এই ঘটনার সঙ্গে যুক্ত সন্দেহে রাহুল বসু নামে একজনকে গ্রেফতার করেছে পুলিশ। পরিবারের দাবি রাহুলের সঙ্গে মঙ্গলবার সন্ধ্যায় বাইরে যায় তাদের মেয়ে। এরপর থেকে ফোনে আর তাকে পাওয়া যায়নি। এই ঘটনার দ্রুত তদন্ত ও বিচারের দাবিতে বিক্ষোভে দেখাচ্ছে কৃষ্ণনগর নাগরিক মঞ্চ। ধর্ষণ করে খুন করা হয়েছে বলে পরিবারের অভিযোগ। জেলা পুলিশ সুপারের কার্যালয়ের অদূরে এই ঘটনা কিভাবে ঘটলো তা নিয়েও প্রশ্ন উঠছে।

এদিকে, এই ঘটনা সম্পর্কে কৃষ্ণনগর পুলিশ জেলার সুপার অমরনাথ কে বলেন রাহুলের বাবা-মা-কেও আটক করা হয়েছে। আগামীকাল কল্যাণীর জে এন এম হাসপাতালে ময়না তদন্ত হবে।

(বাইট – অমরনাথ)

এদিকে, এই ঘটনার প্রেক্ষিতে বিজেপি নেত্রী লকেট চট্টোপাধ্যায় আজ কৃষ্ণনগর পুলিশ মরগে যান। তিনি পরিবারের সঙ্গেও কথা বলেন। সাংবাদিকদের কাছে তিনি পুলিশ নক্ষিয়তার অভিযোগ করেন।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারও আজ পরিবারের লোকজনের সঙ্গে কথা বলে সবরকম আইনি সহায়তার আশ্বাস দেন। পরে সাংবাদ মাধ্যমের কাছে তিনি বলেন আগামী ১৯-শে অক্টোবর সকাল ১১-টা থেকে ১২-টা পর্যন্ত রাজ্যের প্রত্যেকটি থানার সামনে বিক্ষোভ এবং প্রতিবাদ কর্মসূচী করবে কংগ্রেস।

উত্তর ২৪ পরগনার স্বরূপনগরের সীমান্তবর্তী স্বরূপদাহ এলাকায় এক যুবতীর শ্লীলতাহানির অভিযোগ উঠেছে এক সিভিক ভলান্টিয়ার ও ভিলেজ পুলিশ কর্মীর বিরুদ্ধে। অবৈধভাবে বাংলাদেশে প্রবেশের চেষ্টা করার সময় ওই যুবতীকে বাধা দেয় তারা। এরপর

নির্জন জায়গায় নিয়ে গিয়ে তাকে ওই দু-জন ধর্ষণের চেষ্টা করে বলে অভিযোগ। ছিনতাই করা হয় প্রায় ১ লক্ষ টাকার সোনার অলঙ্কার। লিখিত অভিযোগের ভিত্তিতে দু-জনকে স্বরূপনগর থানার পুলিশ গ্রেফতার করেছে। তাদের আজ বসিরহাট আদালতে তোলা হলে তিনদিনের জেল হেফাজত হয়েছে।

এদিকে, নাবালিকাকে দীর্ঘদিন ধরে যৌন হেনস্থার অভিযোগে দক্ষিণ ২৪ পরগনার নরেন্দ্রপুরে এক প্রৌঢ়কে পুলিশ গ্রেফতার করেছে। জানা গেছে, খাবার ও টাকার লোভ দেখিয়ে ওই ব্যক্তি একাধিক নাবালিকাকে বাড়িতে ডেকে এনে যৌন নির্যাতন চালাতো। বিষয়টি জানাজানি হওয়ায় দুটি নাবালিকার পরিবার থানায় লিখিত অভিযোগ জানায়। এর প্রেক্ষিতে ওই প্রৌঢ়কে গ্রেফতার করা হয়। পকসো ধারায় মামলা রুজু করে আজ তাকে বারুইপুর আদালতে তোলা হয়েছে। অভিযুক্তের কঠোর শাস্তির দাবিতে আজ বিক্ষোভে ফেটে পড়েন এলাকাবাসী।

পুরুলিয়ার বরাবাজারের ফতেপুরে কুমারী নদীর চর থেকে এক যুবতীর রক্তাক্ত মৃতদেহ উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে। আজ সকালে স্থানীয়রা বালির ওপর রক্তের দা দেখতে পেয়ে থানায় খবর দেন। পুলিশ সেখানে গিয়ে বালি চাপা অবস্থায় ওই যুবতীর দেহ দেখতে পায়। তদন্ত শুরু হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ক্রমাগত নারী নির্যাতনের ঘটনায় বিজেপি কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপের দাবি করেছে। দলের রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আজ নারী ও শিশু কল্যাণমন্ত্রী অন্তর্পূর্ণা দেবীকে চিঠি লিখে কৃষ্ণনগর এবং পুরুলিয়ার ঘটনার উল্লেখ করেছেন। পাশাপাশি চন্দননগরে লক্ষ্মীপ্রতিমা ভাঙার কথাও চিঠিতে জানিয়েছেন তিনি। সুকান্তবাবুর অভিযোগ, রাজ্যের মুখ্যমন্ত্রী মহিলা হওয়া সত্ত্বেও নারী সুরক্ষায় কোন পদক্ষেপ নেওয়া হয়নি। তিনি অবিলম্বে এই সব ঘটনার উপযুক্ত তদন্ত এবং নির্যাতিতাদের পরিবারকে ন্যায় বিচার দিতে উপযুক্ত পদক্ষেপ নেওয়ার জন্য আর্জি জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে আর্থিক দুর্নীতির ঘটনায় দুই জন চিকিৎসক ছাড়াও কয়েকজন ব্যক্তি যুক্ত রয়েছেন বলে জানিয়ে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই রাজ্য সরকারকে চিঠি দিয়েছে। স্বাস্থ্য সচিব নারায়ন স্বরূপ নিগম কে লেখা চিঠিতে এই দুর্নীতিতে চিকিৎসক সুজাতা ঘোষ ও দেবাশিষ সোম ছাড়াও কয়েকজন যুক্ত থাকার তথ্য প্রমান তাদের তদন্তে উঠে এসেছে বলে উল্লেখ করা হয়েছে বলে জানা গিয়েছে। একইসঙ্গে হুমকি সংস্কৃতিতে যারা জড়িত তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্যে তদন্তকারী সংস্থার তরফে স্বাস্থ্য দপ্তরকে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর মেডিকেল কলেজ সংলগ্ন এলাকায় অশান্তির আশঙ্কায় কলকাতা পুলিশ সেখানে ১৬৩ ধারা জারির সময়সীমা আরও বৃদ্ধি করেছে। ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা আইন অনুযায়ী আজ থেকে ৩০-শে অক্টোবর পর্যন্ত শ্যামপুকুর , উল্টোডাঙ্গা এবং টালা থানা এলাকার কয়েকটি রাস্তায় পাঁচজন বা তার বেশি মানুষের জমায়েত মিটিং, মিছিল, ধরনা বিক্ষোভ কর্মসূচীর উপরে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে বলে পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রেড রোডে গতকাল পুজো কার্নিভাল চলাকালীন কর্তব্যরত চিকিৎসক তপব্রত রায়কে গ্রেফতারের তীব্র প্রতিবাদ জানিয়েছেন জুনিয়ার চিকিৎসকরা।

এদিন, কলকাতা পুরসভার চিকিৎসকদের একাংশ পুরসভার মূল ভবনে বিক্ষোভ দেখান। তপব্রতবাবুও তাদের সঙ্গে যোগ দেন। পাশাপাশি তিনি যান অনশন মঞ্চেও।

এই গ্রেফতারিতে ৪৮ ঘণ্টার মধ্যে ক্ষমা না চাইলে পুলিশের বিরুদ্ধে বড় আন্দোলন গড়ে তোলার হুঁশিয়ারী দিয়েছেন চিকিৎসকরা।

০০০০০০০০০০০০০০০০০০০০

মালদায় উত্তেজিত জনতার হাতে ফের চিকিৎসকের আক্রান্ত হওয়ার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। জানা গেছে, পুরাতন মালদার মৌলপুর স্বাস্থ্য কেন্দ্রে জ্বরে আক্রান্ত চার বছরের এক শিশুকে মালদা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করায় চিকিৎসককে ধাক্কাধাক্কি করেন রোগীর আত্মীয়রা। চলে গালিগালাজ। গতকাল সকালে রাঙামাটিয়া এলাকার বাসিন্দা বছর চারেকের শিশুটিকে ওই স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি করা হয়। দুপুর সাড়ে তিনটে নাগাদ চিকিৎসক অরিন্দম চাকি তাকে মালদা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন। এরপরই উত্তেজিত হয়ে ওঠেন শিশুটির আত্মীয়রা। পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। থানায় লিখিত অভিযোগ দায়ের হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের ছয় বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের প্রস্তুতি শুরু হয়ে গিয়েছে। রাজ্য নির্বাচন দপ্তরের শীর্ষ কর্তারা আজ দুপুরে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সংশ্লিষ্ট জেলাগুলির জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে প্রস্তুতি নিয়ে এক দফা বৈঠক করেন। সেখানে অবাধ এবং শান্তিপূর্ণ নির্বাচন আয়োজনের পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে বলে জানা গিয়েছে। ৬ কেন্দ্রের একশ শতাংশ বুথেই কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে বলে নির্বাচন কমিশন সিদ্ধান্ত নিয়েছে। প্রত্যেক কেন্দ্রের জন্য গড়ে কুড়ি কোম্পানি করে বাহিনী মোতায়েনের প্রাথমিক পরিকল্পনা রয়েছে। এজন্য চলতি সপ্তাহ থেকেই রাজ্যে আসছে কেন্দ্রীয় বাহিনী। প্রথম পর্যায়ে শতাধিক কোম্পানি কেন্দ্রীয় বাহিনী পাঠানো হতে পারে। গত লোকসভা নির্বাচনের পর আসন্ন উপ নির্বাচনে কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করার সিদ্ধান্ত নিয়েছে কমিশন। পাশাপাশি প্রত্যেকটি বুথেই থাকবে ওয়েব কাস্টিং এর ব্যবস্থা।

উল্লেখ্য আগামী ১৩ ই নভেম্বর রাজ্যের ৬টি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন ঘোষণা করেছে নির্বাচন কমিশন। এই আসন গুলি হল উত্তর ২৪ পরগনার হাড়ায়া ও নৈহাটি, মেদিনীপুর, বাঁকুড়া জেলার তালডাংরা, কোচবিহারের সিতাই এবং আলিপুরদুয়ার জেলার মাদারিহাট।

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের ৬-টি বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে মানুষ যাতে নির্ভয়ে ভোট দিতে পারেন, নির্বাচন কমিশনকে তা নিশ্চিত করতে হবে বলে সি পি আই এম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সৃজন চক্রবর্তী মন্তব্য করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

দীপাবলীর আগে কর্মচারীদের জন্য ৩ শতাংশ মহার্ঘভাতা ঘোষণা কেন্দ্রীয় সরকারের। কেন্দ্রীয় সরকারী কর্মচারী এবং অবসরপ্রাপ্ত কর্মীরা এরফলে উপকৃত হবেন। আজ কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত অনুমোদিত হয়েছে। বৈঠকের পর তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো জানিয়েছেন, এই মহার্ঘভাতা বৃদ্ধির ফলে মোট ৪৯ লক্ষ কেন্দ্রীয় সরকারি কর্মচারী এবং ৬৪ লক্ষ পেনশনভোগী উপকৃত হবেন।

(বাইট)

পয়লা জুলাই থেকে এই বর্ধিত মহার্ঘভাতা কার্যকর হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকার কর্মীদের জন্য আরও ৩ শতাংশ হারে মহার্ঘভাতা ঘোষণা করায় রাজ্য সরকারী কর্মচারীদের মধ্যে তীব্র প্রতিক্রিয়া দেখা গেছে। পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক সুভাষিষ দাস বলেন, নতুন করে ডি এ ঘোষণার ফলে রাজ্য সরকারী কর্মীদের সঙ্গে ব্যবধান আরও বাড়লো। তিনি অবিলম্বে রাজ্য সরকারের কাছে বকেয়া সহ ৫৩ শতাংশ ডি এ মিটিয়ে দেওয়ার দাবি জানিয়েছেন।

মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতির সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ বলেন, অন্যান্য রাজ্যে মহার্ঘভাতার দাবিতে আন্দোলন করতে না হলেও পশ্চিমবঙ্গে সরকারী কর্মচারীদের পথে নামতে হয়।

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিঙ্কর আধিকারী বলেন, যাদের উপর নির্ভর করে সরকার চলছে, তাদেরই অর্থ নিয়ে ভোট রাজনীতি চলছে।

০০০০০০০০০০০০০০০০০০

আজ কোজাগরী লক্ষ্মীপূজো। সৌভাগ্য ও ধন সম্পদের অধিষ্ঠাত্রী দেবী লক্ষ্মী পূজোর আয়োজন করা হচ্ছে বাংলার ঘরে ঘরে। পরিবারের মঙ্গল কামনায় পূজিতা হবেন মা লক্ষ্মী। একইসঙ্গে বিভিন্ন বারোয়ারিতে চলছে লক্ষ্মীর আরাধনার প্রস্তুতি।

লক্ষ্মীগ্রাম বলে খ্যাত হাওড়ার খালনার পূজো দেখতে বহু দর্শনার্থী দূরদূরান্ত থেকে আসেন। একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট - সর্বানী)

০০০০০০০০০০০০০০০০০০

তারা মায়ের আবির্ভাব তিথিতে আজ তারাপীঠে ভক্ত ও পুণ্যার্থীদের ঢল নেমেছে। আশ্বিন মাসের শুক্লা চতুর্দশী তিথিতে মা তারার আবির্ভাব তিথিতে তারা মায়ের বিশেষ পূজো সম্পন্ন হয়। কুন্ড থেকে জল এনে স্নান করানোর পর তারা মা কে রাজ বেশে সাজানো হয়েছে। এদিন তারা মাকে পশ্চিমমুখী বসানো হয়। গর্ভগৃহে নিয়ে আসার পাশাপাশি সন্ধ্যায় মা তারা কে লক্ষ্মী রূপে ও পূজো করা হচ্ছে। কথিত আছে পাল রাজত্বকালে জয় দত্ত সওদাগর মায়ের শিলা মূর্তি উদ্ধার করে প্রথম পূজো প্রচলন করেন। তারা মায়ের আবির্ভাব তৃতীয় উপলক্ষে তারাপীঠ মন্দিরে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

বঙ্গোপোসাগরে সৃষ্ট নিম্নচাপের প্রভাবে রাজ্যে প্রায় সব জেলাতেই আগামী শনিবার পর্যন্ত হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর। তবে, ভারী বৃষ্টির সম্ভাবনা নেই। রবিবার থেকে পরিস্থিতি কিছুটা উন্নতি হবে বলে জানা গেছে।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo